

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩২৩

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - ফরয সালাতের পরে দু'আসমূহের ধরনের বর্ণনা

আরবী

وَعَنْ ثَوْبَانَ _ رضي الله عنه _ قَالَ: كَانَ رَسُولُ اللّهِ _ صلى الله عليه وسلم _ إِذَا اِنْصَرَفَ مِنْ صَلَاتِهِ اسْتَغْفَرَ اللّهَ ثَلَاتًا, وَقَالَ: «اللّهُمَّ أَنْتَ السَّلَامُ وَمِنْكَ السَّلَامُ، تَبَارَكْتَ يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ». رَوَاهُ مُسْلِمٌ

صحيح. رواه مسلم (591)، وزاد: قال الوليد: فقلت للأوزاعي: كيف الاستغفار؟ قال: تقول: استغفر الله، استغفر الله

বাংলা

৩২৩. সাওবান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, যখন আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত হতে সালাম ফিরাতেন তখন তিনবার আস্তাগাফিরুল্লাহ (আল্লাহর নিকটে ক্ষমা চাইছি) বলতেন এবং আরো বলতেন-

উচ্চারণ: আল্লাহ্মা আনতাস সালামু ওয়া মিনকাস-সালামু, তাবারাকতা ইয়া যাল-জালালি ওয়াল-ইকরাম।

অর্থ: হে আল্লাহ, তুমি সালাম বা শান্তিময় এবং তোমার কাছ থেকেই শান্তি আসে। হে মহান, মহিমাময় ও মহানুভব।[1]

ফুটনোট

[1] মুসলিম ৫৯১, তিরমিয়া ৩০০, আবূ দাউদ ১৫১২, ইবনু মাজাহ ৯২৮, আহমাদ ২১৯০২, দারেমী ১৩৪৮, মুসলিমে হাদীসটির শেষে রয়েছে, ওয়ালিদ (রঃ) বলেন, আমি আওযায়ীকে বললাম, ইস্তিগফার কিভাবে করব? তিনি বললেন, তুমি ستغفر الله (আমি আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করছি) বলবে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛮 বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন